**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

বিআরপিডি সার্কুলার নং-০৭

তারিখঃ ০২ এপ্রিল ২০২০ / ১৯ চৈত্র ১৪২৬

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য আর্থিক প্রণোদনা হিসেবে সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর দ্রুত বিস্তার ও সংক্রমণ প্রতিরোধে বিশ্বজুড়ে নজিরবিহীন লকডাউন ও যোগাযোগ স্থবিরতা বিশ্ব অর্থনীতিতে ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলতে শুরু করেছে। আমদানি ও রপ্তানির ক্ষেত্রে করোনা ভাইরাসের নেতিবাচক প্রভাব বাংলাদেশেও লক্ষ্য করা যাচ্ছে। এ প্রেক্ষাপটে গত ২৫ মার্চ ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশ্যে প্রদত্ত ভাষণে রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য আর্থিক প্রণোদনা ঘোষণা করেছেন। এতদপ্রেক্ষিতে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত কেবলমাত্র শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের নিমিত্তে সরকার কর্তৃক বাজেট বরাদ্দ হতে ৫,০০০ কোটি টাকার আর্থিক প্রণোদনা তহবিল গঠন করা হয়েছে।

০২। আর্থিক প্রণোদনা তহবিল হতে ঋণ/বিনিয়োগ গ্রহণ/প্রদানের প্রক্রিয়া নিম্নে উল্লেখ করা হলো :

**(ক) আর্থিক প্রণোদনা তহবিল এবং এর উদ্দেশ্যঃ** রপ্তানি বাণিজ্যের ওপর নভেল করোনা ভাইরাস (COVID-19) এর নেতিবাচক প্রভাব মোকাবেলার লক্ষ্যে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানকে ঋণ/বিনিয়োগ প্রদানের উদ্দেশ্যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দ হতে আর্থিক প্রণোদনা তহবিল গঠন করা হয়েছে। এ তহবিল হতে বাংলাদেশ ব্যাংক বিনা সুদে বিভিন্ন তফসিলি ব্যাংকের চাহিদা মোতাবেক ঋণ/বিনিয়োগ হিসাবে অর্থ প্রদান করবে। কেবলমাত্র শ্রমিক-কর্মচারীদের বেতন/ভাতা পরিশোধের নিমিত্তে যোগ্য ঋণ/বিনিয়োগ গ্রহীতাকে প্রদানযোগ্য ঋণ/বিনিয়োগের জন্য তফসিলি ব্যাংক আলোচ্য তহবিল হতে ঋণ/বিনিয়োগ গ্রহণ করতে পারবে।

**(খ) আর্থিক প্রণোদনা তহবিল ব্যবস্থাপনাঃ** বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট (এএন্ডবিডি) কর্তৃক আর্থিক প্রণোদনা তহবিল পরিচালিত হবে। আর্থিক প্রণোদনা তহবিল হতে তফসিলি ব্যাংকের ঋণ গ্রহণ এবং তার বিপরীতে পরিশোধ কার্যক্রম সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস কর্তৃক সম্পাদিত হতে হবে।

**(গ) আর্থিক প্রণোদনা তহবিল হতে ঋণ/বিনিয়োগ গ্রহণের যোগ্যতাঃ**

i) সচল রপ্তানিমুখী প্রতিষ্ঠান আর্থিক প্রণোদনা তহবিল এর আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবে। যে সকল শিল্প প্রতিষ্ঠান মোট উৎপাদনের ন্যূনতম ৮০ শতাংশ রপ্তানি করে তারা রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান এবং যে সকল প্রতিষ্ঠান তাদের শ্রমিক-কর্মচারীদেরকে বিগত ডিসেম্বর ২০১৯, জানুয়ারী ২০২০ এবং ফেব্রুয়ারী ২০২০ মাসের বেতন পরিশোধ করেছে তারা সচল শিল্প প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হবে। এ তহবিল হতে কেবলমাত্র শ্রমিক-কর্মচারীদের বেতন/ভাতা প্রদানের লক্ষ্যে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবে। সচল এবং উপরোক্ত বর্ণনা মোতাবেক রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট প্রতিনিধিত্বকারী বাণিজ্য সংগঠনের (যেমন বিজেএমইএ, বিকেএমইএ ইত্যাদি) প্রত্যয়নপত্র (সংগঠনের সভাপতি ও সেক্রেটারী কর্তৃক স্বাক্ষরিত) দ্বারা সমর্থিত হতে হবে। এছাড়াও রপ্তানিকারকের চলমান রপ্তানি কার্যক্রম বিষয়ে তফসিলি ব্যাংক ব্যাংকিং ব্যবস্থা হতে স্বীয় উদ্যোগে তথ্য নিশ্চিত করবে।

ii) আবেদনকারী শিল্প প্রতিষ্ঠানকে তফসিলি ব্যাংকের গ্রাহক হতে হবে এবং উক্ত প্রতিষ্ঠানের সাথে ব্যাংকের ন্যূনতম তিন মাসের (ডিসেম্বর ২০১৯ হতে ফেব্রুয়ারী ২০২০ পর্যন্ত) রপ্তানি কার্যক্রম অথবা একই সময়ে শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদান করতে হবে। তবে একের অধিক ব্যাংকের সাথে রপ্তানি কার্যক্রম পরিচালিত হলে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে যে কোন একটি ব্যাংক বাংলাদেশ ব্যাংকে ঋণ/বিনিয়োগের জন্য আবেদন পত্র দাখিল করবে।

**(ঘ) আর্থিক প্রণোদনা তহবিল হতে ঋণ/বিনিয়োগের পরিমাণ ও বিতরণ প্রক্রিয়াঃ** আলোচ্য তহবিল হতে কেবলমাত্র শ্রমিক-কর্মচারীদের সর্বোচ্চ ৩ (তিন) মাসের বেতন/ভাতা পরিশোধের জন্য ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করা হবে।। বেতন/ভাতা বাবদ মাসিক চাহিদা নির্ধারণের ক্ষেত্রে তফসিলি ব্যাংক যোগ্য ঋণগ্রহীতা শিল্প প্রতিষ্ঠানের বিগত তিন মাসের (ডিসেম্বর-২০১৯, জানুয়ারী-২০২০ ও ফেব্রুয়ারী-২০২০) প্রদত্ত Salary Sheet পরীক্ষা করবে এবং সংশ্লিষ্ট মাসের আবেদনকৃত ঋণের পরিমাণ বর্ণিত তিন মাসে প্রদত্ত গড় বেতন/ভাতার অধিক হবে না। গ্রাহকের অনুকূলে সৃষ্ট ঋণ/বিনিয়োগ দ্বারা তফসিলি ব্যাংকগুলো সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারীর ব্যাংক হিসাবে (Mobile Financial System-MFS হিসাবসহ) সরাসরি অর্থ প্রদান করবে। এক্ষেত্রে প্রত্যেক শ্রমিক-কর্মচারীর জাতীয় পরিচয়পত্র (National Identification Number-NID) ব্যাংকগুলো বাধ্যতামূলকভাবে গ্রহণপূর্বক পরীক্ষা করবে। কোন প্রকার নগদ (Cash) লেনদেন করা যাবে না এবং শ্রমিক-কর্মচারীর ব্যাংক হিসাব (MFS হিসাবসহ) ব্যতীত অন্য কোনভাবে লেনদেন করা যাবে না। আলোচ্য পদ্ধতিতে বেতন/ভাতা পরিশোধের বিষয়ে ঋণগ্রহীতা গ্রাহকের নিকট থেকে প্রয়োজনীয় অঙ্গীকার গ্রহণ করতে হবে। কোন শ্রমিক-কর্মচারীর ব্যাংক হিসাব বা MFS হিসাব না থাকলে সংশ্লিষ্ট আবেদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক নিজ উদ্যোগে সকল শ্রমিক-কর্মচারীর ব্যাংক হিসাব বা MFS হিসাব খোলা নিশ্চিত করতে হবে। তবে কোন শ্রমিক-কর্মচারী ব্যাংক হিসাব খুলতে চাইলে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের অনুরোধের প্রেক্ষিতে শ্রমিক-কর্মচারীর NID এর উপর ভিত্তি করে ন্যূনতম জমা ব্যতিরেকে তফসিলি ব্যাংকসমূহ হিসাব খোলার ব্যবস্থা করবে। এরূপ হিসাব খোলার জন্য ব্যাংক কর্তৃক কোন চার্জ আরোপ করা যাবে না।

**(ঙ) আর্থিক প্রণোদনা তহবিল হতে ঋণগ্রহিতা শিল্প প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ঋণ/বিনিয়োগের উপর চার্জ আরোপ ও ঋণ/বিনিয়োগ আদায় পদ্ধতিঃ** ব্যাংক কর্তৃক প্রণোদনা তহবিলের আওতায় সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহকে প্রদত্ত ঋণ/বিনিয়োগের অর্থ নিম্নবর্ণিত উপায়ে আদায় করা হবেঃ

i) তফসিলি ব্যাংকের অনুকূলে ছাড়কৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন প্রকার সুদ/মুনাফা আরোপ করা যাবে না। তবে, আলোচ্য ঋণ/বিনিয়োগ প্রদানকালে ব্যাংকসমূহ তাদের প্রশাসনিক ব্যয় নির্বাহের জন্য এককালীন ২ (দুই) শতাংশ সার্ভিস চার্জ আরোপ করতে পারবে। উক্ত সার্ভিস চার্জ ও সরকার কর্তৃক আরোপিত কোন চার্জ ব্যতিত অন্য কোন চার্জ আরোপ করা যাবে না।

ii) ঋণ/বিনিয়োগ গ্রহীতা শিল্প প্রতিষ্ঠান সর্বশেষ ঋণ/বিনিয়োগের কিস্তি নেয়ার পর অর্থাৎ জুন ২০২০ মাসের বেতন/ভাতার বিপরীতে গৃহীত ঋণের পর ৬ মাস গ্রেস পিরিয়ডসহ মোট ২ বছরে ১৮টি সমান কিস্তিতে ব্যাংককে সার্ভিস চার্জসহ সমুদয় ঋণ/বিনিয়োগ পরিশোধ করবে।

iii) কোনো ঋণ/বিনিয়োগ গ্রহিতার ঋণ/বিনিয়োগের কিস্তি যথাসময়ে পরিশোধিত না হলে প্রচলিত নিয়মে উক্ত ঋণ/বিনিয়োগ শ্রেণীকরণ করতে হবে এবং ঋণ/বিনিয়োগ গ্রহিতা খেলাপী হিসেবে বিবেচিত হবে। এক্ষেত্রে বকেয়া কিস্তির উপর ২ শতাংশ হারে দন্ড সুদ আরোপ করা যাবে।

**(চ) আর্থিক প্রণোদনা তহবিল হতে ব্যাংক কর্তৃক গৃহীত ঋণ/বিনিয়োগের সময়কাল ও পরিশোধ পদ্ধতি:** ছয় মাসের গ্রেস প্রিরিয়ডসহ আর্থিক প্রণোদনা তহবিল হতে প্রদত্ত ঋণ/বিনিয়োগের সময়কাল হবে দু'বছর। গ্রেস পিরিয়ড অতিবাহিত হওয়ার পরে সমান ১৮টি মাসিক কিস্তিতে ঋণ/বিনিয়োগের অর্থ তফসিলি ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিসের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে পরিশোধ্য হবে।

**উদাহরণঃ** কোন শিল্প প্রতিষ্ঠানের ঋণ আবেদন প্রাপ্তির পর সামগ্রিক বিষয় যাচাইয়ান্তে যদি ঐ শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের তিন মাসের বেতনের মোট পরিমাণ নির্ণিত হয় ৩০০ টাকা। তাহলে ঐ ব্যাংক এপ্রিল মাসের ২০ তারিখের মধ্যে প্রণোদনা তহবিল হতে ৩০০ টাকা ঋণ প্রাপ্তির জন্য বাংলাদেশ ব্যাংক বরাবরে আবেদন করবে। বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংকের নামে ৩০০ টাকা ঋণ মঞ্জুর করে এপ্রিল মাসের শেষ কর্ম দিবসের পূর্বে ১০০ টাকা, মে মাসের শেষ কর্ম দিবসের পূর্বে ১০০ টাকা এবং জুন মাসের শেষ কর্ম দিবসের পূর্বে ১০০ টাকা বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাবে আকলন করবে। সংশ্লিষ্ট ব্যাংক এপ্রিল মাসের শেষ কর্মদিবসে ১০০ টাকা আবেদনকারী শিল্প প্রতিষ্ঠানের নামে ঋণ সৃষ্টি করে একই দিনে শ্রমিক কর্মচারীদের ব্যাংক/MFS হিসাবে স্থানান্তর করবে এবং একইভাবে মে মাসের শেষ কর্ম দিবসে ১০০ টাকা এবং জুন মাসের শেষ কর্ম দিবসে ১০০ টাকা আবেদনকারী শিল্প প্রতিষ্ঠানের নামে ঋণ সৃষ্টি করে একই দিনে শ্রমিক কর্মচারীদের ব্যাংক/MFS হিসাবে স্থানান্তর করবে। ঋণগ্রহীতা কর্তৃক তাদের ঋণের কিস্তি পরিশোধের ক্ষেত্রে জুলাই ২০২০ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত ৬ মাস গ্রেস পিরিয়ড পাবে এবং প্রথম কিস্তি শুরু হবে ২০২১ সালের জানুয়ারী মাস হতে এবং সর্বশেষ কিস্তির সময় হবে ২০২২ সালের জুন মাস। এক্ষেত্রে যথাসময়ে ঋণের কিস্তি পরিশোধ করা হলে মোট ৩০০ (তিনশত) টাকা ঋণের জন্য ১৮টি সমান কিস্তির মাধ্যমে ২% সার্ভিস চার্জসহ ৩০৬ (তিনশত ছয়) টাকা আদায় করা যাবে। তফসিলি ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের নিকট তাদের ঋণের কিস্তি পরিশোধের ক্ষেত্রে জুলাই ২০২০ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত ৬ মাস গ্রেস পিরিয়ড পাবে এবং প্রথম কিস্তি শুরু হবে ২০২১ সালের জানুয়ারী মাস হতে এবং সর্বশেষ কিস্তির সময় হবে ২০২২ সালের জুন মাস।

**(ছ) নথি সংরক্ষণ ঃ** আর্থিক প্রণোদনা তহবিল হতে গৃহীত ঋণ সংক্রান্ত সংশ্লিষ্ট সকল কাগজপত্র পরিদর্শন/নিরীক্ষার জন্য ঋণ আদায়/সমন্বয়ের পর অন্যূন ০৩ (তিন) বছর পর্যন্ত শাখায় সংরক্ষণ করতে হবে।

০৩। **আর্থিক প্রণোদনা তহবিল হতে ঋণ গ্রহণের আবেদন দাখিলের পদ্ধতি :** সংযোজিত আবেদন Form-A এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের একাউন্টস্ এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট-এ তফসিলি ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস আর্থিক প্রণোদনা তহবিল হতে ঋণের জন্য আবেদনপত্র দাখিল করবে। যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত দু'জন কর্মকর্তা কর্তৃক আবেদনপত্র স্বাক্ষরিত হতে হবে। উক্ত আবেদনপত্রে আর্থিক প্রণোদনা তহবিল হতে গৃহীত ঋণের কিস্তি মেয়াদপূর্তিতে পরিশোধিত না হলে উক্ত সময় অতিবাহিত হওয়ার অব্যবহিত পরই বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিসে পরিচালিত চলতি হিসাব বিকলনপূর্বক সংশ্লিষ্ট কিস্তির অর্থ আদায় করার ক্ষমতা বাংলাদেশ ব্যাংককে অর্পণ করতে হবে। আবেদনপত্রের সাথে Form-B অনুযায়ী প্রতিশ্রুতিপত্র দাখিল করতে হবে। গ্রেস পিরিয়ড অতিবাহিত হওয়ার পরে আর্থিক প্রণোদনা তহবিল হতে গৃহীত ঋণ মাসিক কিস্তিতে পরিশোধকালে তফসিলি ব্যাংক Form-C অনুযায়ী পরিশোধ বিবরণী ও ঋণের স্থিতি বিবরণী দাখিল করবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



সংযোজনী : বর্ণনা মোতাবেক।

(মোঃ মকবুল হোসেন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০২৬৮

**Form-A**

(Letter head of schedued bank)

Ref: Date:

**General Manager**
Accounts and Budgeting Department
Bangladesh Bank
Head Office
Dhaka.

Dear Sir,

**Application for loans/Investment from Financial Stimulus Fund**

In accordance with the procedure set out in BRPD Circular No. ….. , dated ……………………., we hereby apply for the loans/Investments from Bangladesh Bank against the advances made/to be extended by us under the following details:

| Sl. No. | Name of eligible borrowers | Address | Salary for 3 months (Dec'19, Jan'20 and Feb'20 | Average monthly salary in Taka | Amount applied for one month estimated salary | Remarks |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 6 |

We confirm that the borrowers are eligible for financing under Financial Stimulus Fund as per terms and conditions stipulated in the aforesaid circular and hold ourselves liable for any falsity or misstatement.

We would, therefore, request you to grant the loans/Investments and credit Tk ……… (in words) to our current account maintained with your Motijheel Office. We also hereby authorize you to debit our current account with you in realization of principal upon expiry of the permissible period for instalment payments of the loans/Investments, if not repaid earlier by us.

Yours faithfully,

Signature.......................
Name:………………….
Designation:..………….
PA No………...………..

Signature.......................
Name:………………….
Designation:..………….
PA No………...………..

**Form-B**

PROMISSORY NOTE
(to be on letter head pad)

Principal Amount: Tk............ (With reference to the Sanction Letter, Ref. ................. dated .................) Interest Rate: 0.00%

Date of Note: ..............

PROMISE TO PAY: As per BRPD Circular No. ….., dated …… 2020 …............ (Name of bank) promises to pay to BANGLADESH BANK, or order, in lawful money of the People's Republic of Bangladesh, the principal amount of Tk......... in figure (Taka......... in words)as monthy installment on expire of grace period of six months from the date of disbursement, until paid in full within eighteen months.

PAYMENT: (Name of bank)... will pay the principal amount of loans on monthly installment basis unless otherwise extended. (Name of bank).... will pay Accounts and Budgeting Department at Bangladesh Bank head office or at such other place as Accounts and Budgeting Department/Bangladesh Bank may designate in writing.

PRIOR TO SIGNING THIS PROMISSORY NOTE, ...(Name of bank) READ AND UNDERSTOOD ALL THE PROVISIONS OF THIS PROMISSORY NOTE. (Name of bank)...... AGREES TO THE TERMS OF THE PROMISSORY NOTE AND ACKNOWLEDGES RECEIPT OF A COMPLETED COPY OF THE PROMISSORY NOTE.

Name of the borrower: ..........................

| | | |
|---|---|---|
| Name of bank | | |
| Signature | | |
| Authorized Signatory(ies) | | |
| Title(s) | | |
| Signature | | |
| Witness(es) | Name:<br>Designation: | Name:<br>Designation: |
| Date Signed | ............. | ............. |

**Form-C**

Name of bank:
Address:

Statement showing repayment and outstanding against loans from Financial Stimulus Fund

| Sl. No. | Name of the borrowers | Address | Date of disbursing loans | Date of disbursement by Bangladesh Bank | Disbursed amount in Tk | Outstanding amount in Tk as of…… | Service charges realized by bank in Tk | Instalment amount in Tk | Date of recovery | Balance in Tk as of … | Overdue Amount as on ---- |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 =(7-9) | 12 |
| | | | | | | | | | | | |

Signature:........................................................................
Name:..............................................................................
Designation.....................................................................
PA No..........................................................................
Date:...............................................................................